গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখা
www.ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০০০.০৫৩.১৭.০০০১.২১.৩১

তারিখ: ৭ শ্রাবণ ১৪৩৩
২২ জুলাই ২০২৬

**বিজ্ঞপ্তি**

**বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ/বৃত্তি এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রাপ্তির জন্য আবেদন আহ্বান।**

'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ/বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬' অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ২০২৬-২৭ অর্থবছরে আইসিটি খাতে গবেষণার জন্য ফেলোশিপ/বৃত্তি প্রদান, আইসিটি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে নীতিমালায় বর্ণিত যোগ্যতা সম্পন্ন আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের নিকট হতে সারা বছরব্যাপী অনলাইনে (ims.ictd.gov.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

০২। এ সংক্রান্ত নীতিমালা, বিস্তারিত তথ্য এবং অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক ims.ictd.gov.bd এ পাওয়া যাবে। ims সিস্টেম ব্যতিত হার্ড কপিতে সরাসরি আবেদনপত্র দাখিল নিরুৎসাহিত করা যাচ্ছে।

০৩। নীতিমালার সাথে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য/বিবেচিত হবে না ।

০৪। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল , পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা রাখে।

২২-০৭-২০২৬
জগৎবন্ধু মন্ডল
সিনিয়র সহকারী সচিব
ফোন : ০২৪১০২৪০৪০
ইমেইল : isg.sec@ictd.gov.bd

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/সচিব (সকল), মন্ত্রণালয়/বিভাগ।
২। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৩। বিভাগীয় কমিশনার (সকল)।
৪। যুগ্মসচিব, আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৫। বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, .................................. বিশ্ববিদ্যালয় (যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অনলাইনে আবেদনের নির্দেশনা/উৎসাহ প্রদান এবং তাঁর কার্যালয়ের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। পরিচালক, ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)/ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি), ................................... (যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিলের বিষয়ে নির্দেশনা/উৎসাহ প্রদানের অনুরোধসহ)।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। উপসচিব , হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৯। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।